কানাডাকে ৮ উইকেটে হারিয়ে আশা বাঁচিয়ে রাখল বাংলাদেশের যুবারা

চ্যাম্পিয়ন হিসেবে এবারের অনুর্ধ-১৯ বিশ্বকাপে বাংলাদেশকে ঘিরে অনেক আশা।

বর্তমান চ্যাম্পিয়নের খেতাব নিয়ে খেলতে নেমে এবারের অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচেই হোঁচট খায় বাংলাদেশ দল। ৭ উইকেটের বড় ব্যবধানে ইংল্যান্ডের কাছে হারে । তবে নিজেদের দ্বিতীয় ম্যাচে কানাডাকে ৮ উইকেটে হারিয়ে আশা বাঁচিয়ে রাখল বাংলাদেশের যুবারা।

ইফতির ৮৭ রানের হার না মানা ইনিংসের সঙ্গে আইচ মোল্লার অপরাজিত ১৫ রানের কল্যাণে ৮ উইকেটের বড় জয় নিয়ে মাঠ ছাড়ে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ দল।

টস জিতে আগে ব্যাট করতে নামে কানাডা অনূর্ধ্ব-১৯ দল। বাংলাদেশি বোলারদের বোলিংয়ের মুখে সুবিধা করতে পারেনি তারা। ৪৫ ওভার ব্যাট করে গুটিয়ে যায় ১৩৬ রানে। বাংলাদেশের পক্ষে রিপন মণ্ডল ও মেহেরাব হোসেন অহীন নেন সমান চারটি করে উইকেট। বাকি দুটি নেন আশিকুর জামান।

১৩৭ রানের লক্ষ্য টপকাতে নেমে ইফতেখার হোসেন ইফতির ফিফটি ও প্রান্তিক নওরোজ নাবিল ৩৩ রানের ইনিংসে ৮ উইকেট এবং ১১৯ বল হাতে রেখেই জয়ে দিকে পৌঁছে যায় বাংলাদেশ প্রতিনিধিরা।

এদিন ব্যাট করতে নেমে পাওয়ার প্লের ১০ ওভারে কোনো উইকেট হারায়নি তারা। তবে ১১তম ওভারের প্রথম বলেই রিপন মণ্ডলের শিকার হয়ে সাজঘরে ফেরেন জাশ শাহ। ২৭ বল খেলে ৮ রান করেন এই ওপেনার। অপর প্রান্তে অনুপ চাকমা সাবধানে খেলতে থাকেন।

তবে তাকে দর্শকের ভূমিকায় রেখে সতীর্থরা একে একে ফিরতে থাকেন সাজঘরে। ১২৬ রানে অষ্টম ব্যাটসম্যান হিসেবে অনুপ সাজঘরে ফেরার আগে ১১৭ বলের মোকাবিলায় ৬৩ রান করেন। যেখানে ৭টি চার আসে তার ব্যাট থেকে। পরে কানাডা থামকে যায় ১৩৬ রানে।

জবাব দিতে ওপেনার মাহফিজুল ইসলাম আউট হন ১২ রান করে। এরপর দ্বিতীয় উইকেটে দলকে জয়ের বন্দরে নিয়ে যান ইফতি ও প্রান্তিক। দ্বিতীয় উইকেটে তাদের পার্টনারশিপ থেকে আসে ৭৬ রান। প্রান্তিক ৫২ বল খেলে ৩৩ রানে আউট হলে ভাঙে তাদের জোড়া। পরে ফিফটি তুলে নেন ইফতি। অপরাজিত থাকেন ৬১ রান করে।

কোর্টচাঁদপুরে স্বাস্থ্যবিধি উপেক্ষা করে শিক্ষার্থীদের নিয়ে ক্রীড়া প্রতিযোগিতা !

করোনা মহামারীর নতুন ভেরিয়েন্ট ওমিক্রন বেড়ে গেলেও স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরুত্ব উপেক্ষা করে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচির আওতায় ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিস আয়োজন করলো অ্যাথলেটিক্স ও গ্রামীণ খেলাধুলা প্রতিযোগিতা।

বুধবার সকালে কোটচাঁদপুর উপজেলার জালালপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিসের আয়োজনে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে ৮টি শিক্ষা প্রতিষ্ঠানের বিপুল সংখ্যক শিক্ষার্থীরা ২২ টি ইভেন্টে অংশ গ্রহন করে। যেখানে শিক্ষক-শিক্ষার্থী সহ অতিথি ও আগত দর্শনার্থীদের মাঝে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরুত্বর কোন বালাই ছিল না।

মহামারী করোনায় কমলমতি শিক্ষার্থীদের নিয়ে এমন আয়োজনে ক্ষোভ প্রকাশ করেছেন অভিভাবকসহ এলাকার সূধীজন। করোনা মহামারি থেকে সুরক্ষা দিতে শিক্ষা প্রতিষ্ঠানে যেখানে সরকার নীতিমালা আরোপ করেছেন। এখনো পর্যন্ত সকল শিক্ষার্থীদের কে টিকার আওতায় আনতে পারেনি স্বাস্থ্য বিভাগ। সেখানে জেলা ক্রীড়া অফিস কিভাবে সরকারি নির্দেশনা উপেক্ষা করে এমন আয়োজন করলো? এমন প্রশ্ন সচেতন মহলে।

অ্যাথলেটিক্স ও গ্রামীণ খেলাধুলা প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার মোঃ

দেলোয়ার হোসেন। তিনি বলেন, নির্দেশনার পূর্বেই আয়োজনের শিডিউল ছিল। যার ফলে জেলা ক্রীড়া অফিস এমন আয়োজন করেছে। তবে এ ধরনের আয়োজন আর হবে না।

অনুষ্ঠানে উপস্থিত প্রতিযোগিতার আয়োজক জেলা ক্রীড়া অফিসার মোঃ মাহবুবুর রহমান বলেন, যারা খেলা ধুলা করে মূলত এদের ইউনিটি পাওয়ার অনেক বেশি। বর্তমানে যে পরিস্থিতি, এর আগেই অ্যারেজমন্টে করা। খেলা ধুলার কোন বিধি নিষেধ নেই। তবে স্বাস্থ্যবিধি মানতে বলা হয়েছে, কিন্তু বাচ্চারা মানে নাই।

আলহামদুলিল্লাহ, এটা তারই একটা স্বীকৃতি: সাকিব

এবার আইসিসি বর্ষসেরা ওয়ানডে দলে সবচেয়ে বেশি খেলোয়াড় বাংলাদেশের। বৃহস্পতিবার প্রকাশিত তালিকায় দেখা গেছে, পাকিস্তানের অধিনায়ক বাবর আজমের নেতৃত্বে একাদশে ঠাঁই পাওয়া ১১ জনের মধ্যে ৩ জনই বাংলাদেশের। তারা হলেন – সাকিব আল হাসান, মুশফিকুর রহিম ও মোস্তাফিজুর রহিম।

এমন সুসংবাদে বর্ষসেরা একাদশে ঠাঁই পাওয়া বাংলাদেশি অলরাউন্ডার সাকিব আল হাসান বলেছেন, বাংলাদেশ দল যে ওয়ানডে সংস্করণে ভালো দল বিষয়টি তারই প্রমাণ। বিপিএলের অনুশীলনের ব্যস্ততার মাঝে সাংবাদিকদের কাছ থেকে সুখবরটি শুনেন সাকিব।

উচ্ছ্বাস প্রকাশ করে সাকিব বলেন, আলহামদুলিল্লাহ, আইসিসি থেকে স্বীকৃতি পেলে তো ভালোই লাগে। এটা বাংলাদেশ ক্রিকেটের জন্য খুবই ভালো ব্যাপার। বেশ কয়েক বছর ধরেই আমরা ওয়ানডেতে খুব ভালো দল। আমার কাছে মনে হয়, দেশে এবং দেশের বাইরেও এখন আমরা ভালো দল। এটা তারই একটা স্বীকৃতি যে ওয়ানডেতে ভালো ক্রিকেট খেলছে।

বিস্ময়করভাবে এবার ভারত ও নিউজিল্যান্ডের একজন ক্রিকেটারও জায়গা পাননি বর্ষসেরা ওয়ানডে দলে।

পাকিস্তান ও শ্রীলংকা দলের দুজন করে জায়গা পেয়েছেন বর্ষসেরা দলে। টি-টোয়েন্টিতে এক বছরে সর্বোচ্চ রানের রেকর্ড গড়া পাকিস্তানের কিপার-ব্যাটার মোহাম্মদ রিজওয়ান নেই এ তালিকায়। তবে দুর্দান্ত ফর্মে থেকে এই একাদশের নেতৃত্ব পেয়েছেন পাকিস্তানের অধিনায়ক বাবর আজম। তার সঙ্গে পাকিস্তান থেকে ঠাঁই পেয়েছেন ফখর জামান।

ওপেনিংয়ে রাখা হয়েছে আয়ারল্যান্ডের অধিনায়ক পল স্টার্লিং ও দক্ষিণ আফ্রিকার মারকুটে ব্যাটার জানেমান মালানকে। বাংলাদেশের দুই তারকা ব্যাটার সাকিব ও মুশফিককে রাখা হয়েছে মিডল অর্ডারে। কিপিংয়ের দায়িত্ব দেওয়া হয়েছে মুশফিককে। এদিকে পল স্টার্লিংয়ের দেশের আরেক তারকা সিমি সিং চমক দেখিয়ে ঢুকে পড়েছেন একাদশে। শ্রীলংকার থেমে জায়গা পেয়েছেন দুজন— ওয়ানিন্দু হাসারাঙ্গা ও দুশমন্ত চামিরা।

আইসিসি বর্ষসেরা ওয়ানডে দল (পুরুষ) বাবর আজম (অধিনায়ক, পাকিস্তান), ফখর জামান (পাকিস্তান), জানেমান মালান (দক্ষিণ আফ্রিকা), মোস্তাফিজুর রহমান (বাংলাদেশ), সাকিব আল হাসান (বাংলাদেশ) ও মুশফিকুর রহিম (বাংলাদেশ), ওয়ানিন্দু হাসারাঙ্গা (শ্রীলংকা), দুশমন্ত চামিরা (শ্রীলংকা), পল স্টার্লিং (আয়ারল্যান্ড), সিমি সিং (আয়ারল্যান্ড), রসি ভ্যান ডার ডুসেন (দক্ষিণ আফ্রিকা)।

নাহিদার রেকর্ডে বাংলাদেশের বিশাল জয়

মালয়েশিয়ার কুয়ালালামপুরে কমনওয়েলথ গেমস মেয়েদের ক্রিকেট বাছাইয়ে কেনিয়ার বিপক্ষে বাংলাদেশের জয় ৮০ রানে। এটি বাংলাদেশের টানা দ্বিতীয় জয়। বুধবার কিনরারা একাডেমি ওভাল মাঠে ২০ ওভারে বাংলাদেশ তোলে ১২৫ রান। এই রান তাড়া করতে কেনিয়া অলআউট হয়েছে মাত্র ৪৫ রানে।

৯ ওভার শেষে বাংলাদেশের রান ছিল ৬ উইকেটে ৫০। সপ্তম উইকেটে সালমা ও রিতু গড়েন ৭৫ রানের অবিচ্ছিন্ন জুটি। মেয়েদের টি-টোয়েন্টিতে

খাতুন উইকেট এনে দেন প্রথম ওভারে। দুই চার মেরে বিপজ্জনক হয়ে ওঠার ইঙ্গিত দেওয়া কুইন্টর অ্যাবেলকে বোল্ড করে দেন পেসার সুরাইয়া আজমিন। মিডল অর্ডারে কিছুটা লড়াই করা শ্যারন জুমাকে (২০ বলে ২৪) থামান ক্যারিয়ারের দ্বিতীয় টি-টোয়েন্টি খেলতে নামা সানজিদা আক্তার মেঘলা। আর কোনো ব্যাটার দুই অঙ্ক ছুঁতে পারেননি।

কেনিয়ার মিডল ও লোয়ার অর্ডার ধসিয়ে দেন অভিজ্ঞ নাহিদা। তার ৫ উইকেটে লাগেনি কোনো ফিল্ডারের সহায়তা। বোল্ড করেন তিনজনকে, একজন এলবিডব্লিউ, একটি নিজের বলেই ক্যাচ। মাত্র ১২.৪ ওভারে শেষ হয় কেনিয়ার ইনিংস। ৫ দলের এই বাছাইপর্ব থেকে কেবল শীর্ষ দল যোগ্যতা অর্জন করবে মূল পর্বে খেলার। আগামী জুলাই-আগস্টে বার্মিংহামে হবে কমনওয়েলথ গেমস।

সংক্ষিপ্ত স্কোর:
বাংলাদেশ: ২০ ওভারে ১২৫/৬ (শামিমা ৪, মুর্শিদা ২৬, নিগার ১, রুমানা ০, ফারজানা ৬, সোবহানা ২, সালমা ৩৩*, রিতু ৩৯*; অ্যাবেল ৪-০-১৪-৩, ওচিং ৪-০-২১-২, ইদাম্বো ৪-০-৩২-১)।

কেনিয়া: ১২.৪ ওভারে ৪৫ (জুমা ২৪, অ্যাবেল ৯; সালমা ৩-০-১৫-১, সুরাইয়া ২-০-৫-১, রুমানা ২-০-৮-১, নাহিদা ৩.৪-১-১২-৫, মেঘলা ২-০-৫-১)।

ফল: বাংলাদেশ ৮০ রানে জয়ী।

বার্সেলোনাকে পাল্টা হুমকি দিলেন উসমান দেম্বেলে

উসমান দেম্বেলের বেতন কমিয়ে চুক্তি নবায়ন করতে চাইছে বার্সেলোনা। ভবিষ্যতে বোনাস দিয়ে তাকে পুষিয়ে দেবে বলে প্রস্তাব দিয়েছে ক্লাব কর্তৃপক্ষ।

কিন্তু দেম্বেলে বেতন এক পয়সাও কমাতে তো রাজিই হননি উল্টো তার

বেতন দ্বিগুণ করার দাবি তুলেছেন তিনি।

অর্থাৎ বছরে ২ কোটি ইউরো চেয়েছেন এই ফরাসি তারকা। চুক্তি নবায়নের বোনাস বাবদ আরও ২ কোটি ইউরো চাই তার। এতেই শেষ নয়; তার এজেন্ট মুসা সিসোকোর জন্য আরও ২ কোটি ইউরো চেয়েছেন দেম্বেলে।

এতে দেম্বেলের ওপর বেজায় চটেছে বার্সা কর্তৃপক্ষ। তাকে স্কোয়াড থেকে বাদ দেওয়ার হুমকি দিয়ে ক্লাব বলছে ক্লাবের প্রস্তাবে রাজি না হলে ৩০জুন পর্যন্ত আর মাঠে নামানো হবে না দেম্বেলেকে।

সুযোগ পেলে দেম্বেলেকে বিক্রি করে দেওয়া হবে এমন বার্তাও দিয়েছে বার্সা।

কিন্তু বার্সার সেসব হুমকিকে পাত্তা না দিয়ে পাল্টা হুমকি দিয়েছেন দেম্বেলে।

সংবাদমাধ্যম এসইআর কাতালুনিয়ার প্রতিবেদনে প্রকাশ, এজেন্ট সিসোকা পাল্টা হুমকি দিয়েছেন যে, জুন পর্যন্ত দরকার হলে বসে বসে বেতন গুনবেন দেম্বেলে। তাকে নতুন চুক্তিতে আনতে হলে বেতনের দাবি মানতেই হবে।

ক্লাবছাড়া করার হুমকির বিষয়ে এই ফরাসি উইঙ্গারের এজেন্ট জানিয়েছেন, আগামী জুনে প্রিমিয়ার লিগের এক ক্লাবে যাওয়ার সিদ্ধান্ত নিয়ে রেখেছেন দেম্বেলে। নিজের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত নন তিনি। বার্সেলোনার হুমকি দেম্বেলেকে ভীত করছে না।

তথ্যসূত্র: ফুটবল ইস্পনা

ভারতের পরবর্তী টেস্ট অধিনায়কের নাম জানালেন যুবরাজ

লাল বলের ক্রিকেটে ভারতের সফলতম টেস্ট অধিনায়ক হিসাবে নিজের নাম ইতিহাসে লিখিয়ে নিয়েছেন বিরাট কোহলি। তার অধিনায়কত্বতে ভারত

৬৮টি টেস্ট ম্যাচের মধ্যে ৪০টি টেস্ট জিতেছে। অস্ট্রেলিয়ায় ঐতিহাসিক টেস্ট সিরিজ জয়ের সঙ্গেই কোহলির নেতৃত্বে ভারত টেস্ট ব়্যাঙ্কিংয়ে এক নম্বর দল হয়েছে।

এখন প্রশ্ন কোহলির পর ভারতের টেস্ট ক্যাপ্টেনসির ব্যাটন উঠবে কার হাতে? ভারতীয় ক্রিকেট বোর্ড কাকে বেছে নেবে পরবর্তী টেস্ট ক্যাপ্টেন হিসাবে? এটাই এখন কোটি টাকার প্রশ্ন। দৌড়ে রয়েছেন রোহিত শর্মা ও কেএল রাহুল। কিন্তু রোহিত বা রাহুল নন, ঋষভ পন্থ হোক কোহলির উত্তরসূরী। এমনটাই চাইছেন কোহলির সাবেক সতীর্থ ও ভারতের জোড়া বিশ্বকাপ জয়ী অলরাউন্ডার যুবরাজ সিং।

দেখতে গেলে যুবরাজ সিং ভারতের ব্য়াটিং মায়েস্ত্রো ও কিংবদন্তি সুনীল গাভাস্কারের সুরেই গলা মিলিয়েছেন। গাভাস্কার এক সাক্ষাৎকারে বলেছেন, আমাকে যদি প্রশ্ন করা হয় যে, আমি কাকে পরবর্তী টেস্ট ক্যাপ্টেন হিসাবে দেখতে চাই, তাহলে আমি বলব ঋষভ পন্থের নাম। তার একটাই কারণ। মুম্বাই ইন্ডিয়ান্সের অধিনায়কত্বের পদ থেকে রিকি পন্টিং যখন সরে এসেছিল তখন দলের দায়িত্ব নেয় রোহিত শর্মা। আর এরপরেই রোহিতের ব্যাটিং আমূল বদলে গেল। নেতৃত্বের গুরুদায়িত্ব তাকে বদলে দিল। ৩০, ৪০ ও ৫০ রানের ক্যামিও ইনিংসগুলোকেই সে বদলে ফেলল ১৫০-২০০ রানের ইনিংসে। পন্থকেও যদি দায়িত্ব দেওয়া হয়, তাহলে দেখা যাবে সে নিউল্যান্ডসে যেরকম সেঞ্চুরি করেছিল, সেরকম সেঞ্চুরি আরও উপহার দিচ্ছে আমাদের। গাভাস্কার যে পন্থের নাম ভারতের পরের টেস্ট ক্যাপ্টেন হিসাবে ভাবছেন, সেই কথা সাংবাদিক বিক্রান্ত গুপ্তা টুইট করেছিলেন। সেই টুইট ধরে যুবরাজ লেখেন, অবশ্যই পন্থকে ক্যাপ্টেন করা উচিত। স্টাম্পের পিছন থেকে তার গেম রিডিং ভাল হবে।

এখন দেখার বিষয় সৌরভ গাঙ্গুলির বোর্ড টেস্ট ক্যাপ্টেনসির গুরুদায়িত্ব কার কাধে তুলে দেয়। সেই অপেক্ষায় ভারতীয় ক্রিকেটের অনুরাগীরা। আর সেই নাম জানার জন্য আরও কিছুদিন অপেক্ষা করতেই হবে।

কোহলির বিদায়ে যে আবেগঘন স্ট্যাটাস দিলেন রবি শাস্ত্রী

দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে সিরিজ হারের একদিন পর হঠাৎ ভারতীয় টেস্ট ক্রিকেট দলের অধিনায়ক বিরাট কোহলি পদ থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন।

ভারতীয় সংবাদমাধ্যম দ্যা হিন্দুস্তান টাইমসের এক প্রতিবেদনে বলা হয়েছে, সাত বছরে অধিনায়ক হিসেবে একাধিক রেকর্ড গড়া কোহলির বিদায় নেওয়ায় অনেকে তাকে শুভেচ্ছা জানিয়েছে। এর মধ্যে কোহলির বিদায়ে আবেগঘন স্ট্যাটাস দিলেন ভারতীয় দলের প্রাক্তন কোচ রবি শাস্ত্রী।

শাস্ত্রীর সঙ্গে অধিনায়ক হিসেবে নিজের কেরিয়ারের অনেক সময় কাটিয়েছেন বিরাট। অস্ট্রেলিয়ার টেস্ট সিরিজ জয় থেকে ইংল্যান্ডে দুর্ধর্ষ পারফরম্যান্স, সবটাই এসেছে শাস্ত্রী-কোহলি হাত ধরে। প্রাক্তন অধিনায়ক এবং কোচের মধ্যেকার সম্মান ও ভালবাসার ছবি আগেও অনেক বার ধরা পড়েছে।

বিরাট নিজের বিদায়ী বার্তায় যে দুইজনকে ধন্যবাদ জানিয়েছেন, তার মধ্যে শাস্ত্রী একজন।

তাই স্বাভাবিকভাবেই শাস্ত্রী, বিরাটের অধিনায়কত্ব ছাড়ার বিষয় কী বলেন, সেদিকে অনেকেই তাকিয়ে ছিলেন।

অধিনায়ক বিরাট কোহলিকে এক আবেগঘন স্ট্যাটাসের মাধ্যমে শুভেচ্ছা জানিয়ে শাস্ত্রী লিখেছেন, বিরাট, তুমি গর্বের সঙ্গে মাথা উঁচু করে বিদায় নিতে পার। তুমি অধিনায়ক হিসেবে যা যা কৃতিত্ব গড়েছ, তেমনটা খুব কমজনই করতে পেরেছে। নিঃসন্দেহে তুমিই ভারতের সবথেকে আগ্রাসী এবং সফলতম অধিনায়ক।

তিনি আরও লিখেছেন, এটা সত্যি বলতে আমার কাছে খুবই দুঃখের একটা দিন, কারণ এই ভারতীয় দলটা আমরা দুইজনে একত্রে তৈরি করেছি। কোহলির বিদায়ে এখন পরবর্তী টেস্ট অধিনায়ক হিসেবে কার নাম ঘোষণা করা হবে, সকলের নজর সেই দিকে।

যেভাবে দেখতে পারবেন যুব বিশ্বকাপে বাংলাদেশের খেলা

শুক্রবার অস্ট্রেলিয়া ও ওয়েস্ট ইন্ডিজের মধ্যকার ম্যাচের একটি দৃশ্য আইসিসিশুক্রবার অস্ট্রেলিয়া ও ওয়েস্ট ইন্ডিজের মধ্যকার ম্যাচের একটি দৃশ্য।
এরই মধ্যে শুরু হয়ে গেছে আইসিসি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ১৪তম আসর। শুক্রবার (১৪ জানুয়ারি) বাংলাদেশ সময় রাতে অনুষ্ঠিত প্রথম দিনের ম্যাচে জয় পেয়েছে অস্ট্রেলিয়া ও শ্রীলঙ্কা। তারা হারিয়েছে যথাক্রমে ওয়েস্ট ইন্ডিজ ও স্কটল্যান্ডকে। বাংলাদেশের প্রথম ম্যাচ আগামীকাল রবিবার ইংল্যান্ডের বিপক্ষে।

গত আসরের চ্যাম্পিয়ন বাংলাদেশ এবারও শিরোপা জয়ের লক্ষ্যে ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জে গিয়েছে। গ্রুপ পর্বে টাইগারদের প্রতিপক্ষ ইংল্যান্ড, কানাডা ও সংযুক্ত আরব আমিরাত।

যুব বিশ্বকাপের ম্যাচগুলো বাংলাদেশ থেকে সরাসরি দেখা যাবে জিটিভি ও তাদের অনলাইন প্লাটফর্ম র্যাবিটহোল অ্যাপে। তবে পুরো আসরের মাত্র ২০টি ম্যাচ সরাসরি সম্প্রচার করা হবে এবং বাকিগুলোর কেবল ভিডিও ফুটেজ পাওয়া যাবে। এর মধ্যে বাংলাদেশ বনাম ইংল্যান্ড ম্যাচটি জিটিভি দেখাবে।

গত আসরে ভারতকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল বাংলাদেশ
টাইগারদের বাকি দুটি ম্যাচের মধ্যে কানাডার বিপক্ষে খেলাটি কেবল র্যাবিটহোল। আর আমিরাতের বিপক্ষে ম্যাচটি সরাসরি সম্প্রচার হবে না।

যুব বিশ্বকাপের এবারের আসরে ফাইনালসহ মাঠে গড়াবে মোট ৪৮টি ম্যাচ। এর মধ্যে ২০টি ম্যাচ টিভি পর্দায় ও ২৩টি ম্যাচ অনলাইনে সম্প্রচার করা হবে। বাকি ৫টি ম্যাচের ভিডিও ক্লিপ পোস্ট করা হবে আইসিসির সোশ্যাল হ্যান্ডেলে।

এক নজরে গ্রুপ পর্বে বাংলাদেশের খেলার সময়সূচি

১৬ জানুয়ারি- প্রতিপক্ষ ইংল্যান্ড – রাত ৮টা
২০ জানুয়ারি- কানাডা -রাত ৮টা
২২ জানুয়ারি- আরব আমিরাত -রাত ৮টা

আসছেন কোচ, লিগ শুরু করার তাগিদ

গত ১০ জানুয়ারি অনুষ্ঠিত লিগ কমিটির সভায় ঘোষণা দেওয়া হয় প্রিমিয়ার ফুটবল লিগ শুরু হবে আগামী ৩ ফেব্রুয়ারি। ইন্দোনেশিয়ায় ফিফা প্রীতিম্যাচ খেলবে বাংলাদেশ। এ কারণে প্রিমিয়ার লিগের খেলা একটু দেরিতেই শুরু করার সিদ্ধান্ত হয়েছিল। ইন্দোনেশিয়া সফর বাতিল করায় লিগও এগিয়ে আনার পরিকল্পনা চলছে।

ন্যাশনাল টিমস কমিটি চাইছে লিগটা তাড়াতাড়ি শুরু হোক। কারণ কোচ চলে আসবে ১৫ জানুয়ারি। এসে লিগের খেলা দেখবেন। যদি লিগ শুরু না হয় আর কোচ ১৫ জানুয়ারি চলে আসে তাহলে তাকে অলস সময় কাটাতে হবে।

জানা গেছে, লিগ কমিটি দ্রুত সভায় বসে নতুন তারিখ নির্ধারণ করবে। তার আগে ক্লাব সঙ্গেও এক দফা বৈঠক করা প্রয়োজন মনে করছে লিগ কমিটি

হঠাৎ জ্বলে উঠে ফিজ-নাসুমকে বেদম প্রহার রনির

বিসিএলের ওয়ানডে ফরম্যাটের ম্যাচে আজ বৃহস্পতিবার মুখোমুখি হয়েছে মধ্যাঞ্চল এবং দক্ষিণাঞ্চল। সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচটি দক্ষিণাঞ্চল ৫ উইকেট এবং ৮ বল হাতে

রেখেই জিতে গেছে। আগে ব্যাট করতে নেমে ৮ উইকেটে ২২০ রান করেছিল সাকিব বিহীন মধ্যাঞ্চল। এই স্কোর গড়ায় বড় অবদান রেখেছেন ৯ নম্বরে ব্যাটিংয়ে নামা পেসার আবু হায়দার রনি। ২৭ বলে ৫৪* রানের ঝড়ো ইনিংসে তিনি চার-ছক্কার ফুলঝুড়ি ছুটিয়েছেন।

টস হেরে ব্যাটিংয়ে নামা মধ্যাঞ্চলের স্কোরবোর্ডে কোনো রান যোগ হওয়ার আগেই মুস্তাফিজের বলে ‘ডাক’ মেরে ফিরেন মিজানুর রহমান। অপর ওপেনার সৌম্য সরকারও (৫) মুস্তাফিজের শিকার হয়েছেন। মধ্যাঞ্চলের হয়ে ৯৫ বলে সর্বোচ্চ ৪৬ রান করেছেন তিন নম্বরে নামা আব্দুল মজিদ। অধিনায়ক মোসাদ্দেক হোসেন সৈকতও ৫৭ বলে ৪৪ রান করেন। তবে সবাইকে ছাড়িয়ে যান আবু হায়দার রানি। উইকেটে এসে তিনি ধীরগতির ব্যাটিংয়ে ১২ বলে ৮ রান করেছিলেন। এরপরই হঠাৎ তিনি জ্বলে ওঠেন।

শেষ ১৫ বলে নেন আরও ৪৬ রান। ২৭ বলে ৫৪* রানের অপরাজিত ইনিংসে তিনি হাঁকিয়েছেন ৬টি বাউন্ডারি এবং ৪টি ওভার বাউন্ডারি। নিজের প্রথম ৮ ওভারে দুই মেডেনসহ মাত্র ২৯ রান দিয়ে ৪ উইকেট নিয়েছিলেন মুস্তাফিজ। রনির হাতে বেদম মার খেয়ে শেষ দুই ওভারে দেন ৩৪ রান। তার বোলিং ফিগার হয়ে যায় ১০-২-৬৩-৪! রনির থেকে মুস্তাফিজ হজম করেছেন ৫ চার এবং ২ ছক্কা। এছাড়া নাসুমও দুই ছক্কা হজম করেন। এই স্পিনার কোনো উইকেট পাননি। দক্ষিণাঞ্চলের আরেক স্পিনার মেহেদি হাসান ১০ ওভারে মাত্র ২৬ রানে নেন ৩ উইকেট।